

## বড় ধরনের দুর্ঘটনা ঘটতে পারে শিবগঞ্জ উপজেলা শিক্ষা অফিসের ভবনটি ধসে পড়ার আশঙ্কা

শিবগঞ্জ (বগুড়া) থেকে সংবাদদাতা : শিবগঞ্জ উপজেলা শিক্ষা অফিসের বহু বছরের পুরনো ভবনটি সংস্কারের অভাবে বর্তমানে ধসে পড়ার উপক্রম হয়েছে। অফিসের কর্মকর্তা-কর্মচারীরা জীবনের ঝুঁকি নিয়ে তাদের কার্যক্রম চালিয়ে যাচ্ছে। ফলে যেকোন সময় বড় ধরনের কোন দুর্ঘটনা ঘটতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।

সংশ্লিষ্ট একটি সূত্র জানায়, সরকারের সর্বাধিক গুরুত্বপূর্ণ একটি দপ্তর এই শিক্ষা দপ্তর। শিবগঞ্জ উপজেলা প্রশাসনের অংশ হিসেবে ১৯৬৫ সালে এই শিক্ষা অফিসের ভবন নির্মাণ করা হয়। স্বল্প আয়তনের ৪টি কক্ষ রয়েছে এই অফিসের। গুরুত্বপূর্ণ এ দপ্তরের অধীনে রয়েছে উপজেলার ১শ' ১টি সরকারি প্রাথমিক বিদ্যালয়, ৫১টি রেজি. বেসরকারি প্রাথমিক বিদ্যালয়, ১২টি

কমিউনিটি প্রাথমিক বিদ্যালয় এবং ২৫টি স্যাটেলাইট বিদ্যালয়। বর্তমানে এই শিক্ষা অফিসে কর্মরত রয়েছেন উপজেলা শিক্ষা অফিসার ১ জন, সহকারি শিক্ষা অফিসার ৬ জন, অফিস সহকারী ৪ জন এবং পিয়ন ১ জন। দীর্ঘদিন যাবৎ সংস্কারমূলক কোনো প্রকল্প হাতে না নেয়ায় শিবগঞ্জ উপজেলা শিক্ষা অফিসের ৩৭ বছরের পুরনো কক্ষ চারটি বর্তমানে হুমকির সম্মুখীন হয়ে পড়েছে। এদিকে বিশাল এই অফিসের রেকর্ডপত্র সংরক্ষণ এবং কর্মকর্তা-কর্মচারীদের সংখ্যা অনুপাতে কক্ষের সংখ্যা অত্যন্ত কম হওয়ায় অফিসের কাজকর্ম বিভিন্নভাবে ব্যাহত হচ্ছে। অন্যদিকে কক্ষগুলোর ছাদ ধসে পড়ার উপক্রম হয়েছে। এর মধ্যেই জীবনের ঝুঁকি নিয়ে কাজ করছে কর্মকর্তা-কর্মচারীরা। এতে যেকোন সময় বড় ধরনের দুর্ঘটনার আশঙ্কা করা হচ্ছে।